


# মির্জাপুর ক্যাডেট কলেজে শতভাগ জিপিএ-৫

মির্জাপুর (টাঙ্গাইল) প্রতিনিধি



ছবি: কালের কঠ

সাফল্যের ধারাবাহিকতা অব্যাহত রেখে ২০২৫ সালের

এইচএসসি পরীক্ষায় টাঙ্গাইলের মির্জাপুর ক্যাডেট কলেজ থেকে

শতভাগ জিপিএ ৫ পেয়েছে। আজ বৃহস্পতিবার (১৫ অক্টোবর)

ফলাফল প্রকাশের পর কলেজের অধ্যক্ষের কার্যালয় থেকে এ

তথ্য জানা গেছে।

জানা যায়, চলতি বছর মির্জাপুর ক্যাডেট কলেজের ৫৭তম

ব্যাচের ৪৬ জন শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নেয়।

এরমধ্যে ৪২ জন বিজ্ঞান এবং ৪ জন মানবিক বিভাগের ছাত্র।

যার মধ্যে ২২ জন গোল্ডেনসহ বাকি সবাই জিপিএ ৫ পেয়েছে।

ধারাবাহিক এই সাফল্যে ক্যাডেট কলেজ ক্যাম্পাসে জুড়ে

আনন্দমূখর পরিবেশ বিরাজ করছে।



ত্রিপুরায় গণপিট্টুনিতে নিহত ৩ বাংলাদেশির পরিচয়  
মিলেছে

মির্জাপুর ক্যাডেট কলেজের অধ্যক্ষ কর্ণেল এস এম ফয়সল  
জানান, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের সহযোগিতায় এই  
ফলাফল অর্জন সম্ভব হয়েছে।